দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 JUN 2017 ......
পৃষ্ঠা ২০ ... কলাম .... ৬......

# উপাচার্য ছাড়াই চলছে ৩৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয়

■ নিজামুল হক

শিক্ষার্থীদের সনদ দেওয়ার একমাত্র এখতিয়ার উপাচার্যের হলেও দেশের ৩৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত উপাচার্য নেই। এসব বিশ্ববিদ্যালয় নিজেদের পছন্দমত অস্থায়ীভিত্তিতে উপাচার্য নিয়োগ দিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। তবে বিশ্ববিদ্যালয় দেখভালের দায়িত্বে থাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) বলছে, এসব উপাচার্যের কোনো আইনগত ভিত্তি নেই।

উপাচার্য হলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী। পদটিতে জনবল নিয়োগে আইনের বাধ্যবাধকতাও রয়েছে। উচ্চশিক্ষা শেষে শিক্ষার্থীদের সনদে স্বাক্ষর থাকবে উপাচার্যের। কিন্তু উপাচার্য না থাকায় এসব বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণরা মূল সনদ নিতে পারছেন না। কোনো বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ড কর্তৃক নিয়োগকৃত অস্থায়ী উপাচার্য মূল সনদে স্বাক্ষর করছেন। যার আইনগত কোনো ভিত্তিও নেই।

গত বছরের নভেম্বরে ইউজিসি এক বিজ্ঞপ্তি জারি করে। তাতে বলা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের অর্জিত ডিগ্রির মূল পৃষ্ঠা ২ কলাম ৪

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর